

তারিখঃ ২৫-০৩-২০২৫ (পৃঃ ১০)



কুড়িগ্রামের উলিপুরে ধানখেতে দৃশ্যমান বাংলাদেশের মানচিত্র

যুগান্তর

উলিপুরে ধানখেতে যেন এক টুকরো বাংলাদেশ

প্রশংসায় ভাসছেন শিক্ষক
উলিপুর (কুড়িগ্রাম) প্রতিনিধি

ফসলের খेत দেখলে মনে হয় যেন এক টুকরো বাংলাদেশ। উলিপুরে বোরোখেতে ধানের বেগুনি চারা লাগিয়ে বাংলাদেশের মানচিত্র ফুটিয়ে তুলে প্রশংসায় ভাসছেন বাকরের হাট এলাকার শিক্ষক আবু জাফর সাদিক। কৃষি বিভাগের তথ্য মতে, বেগুনি রঙের ধান সৌন্দর্য ও পুষ্টিগুণে সমৃদ্ধ একটি জাত। এ ধানের নাম মূলত পার্পল রাইস বা বেগুনি ধান। এই ধান গাছের পাতা ও কাণ্ডের রঙ বেগুনি হয়। সরজমিনে দেখা গেছে, পৌরসভার পূর্ব নাওডাঙ্গা এলাকায় ডাম্পিং স্টেশনের পাশে তার মাস্তার সীডের প্রজেক্ট। সেখানে ব্রি-ধান ১০৮ জাতের ধান ৩০ শতক জমিতে রোপণ করে তিনি এ দৃশ্যটি ফুটিয়ে তুলেছেন। এ দৃষ্টিনন্দন মানচিত্রটি রাত্তার সঙ্গে হওয়ায় প্রতিদিন বিভিন্ন এলাকার দর্শনাগীরা এখানে এসে ভিড় করছেন। জানা গেছে, আবু জাফর সাদিক উলিপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। গত বছর ধানখেতে জাতীয় পতাকা দৃশ্যায়ন করে প্রশংসা পেয়েছিলেন তিনি। এ বছর ফুটিয়ে তুলেছেন বাংলাদেশের মানচিত্র। আবু জাফর সাদিক জানান, দেশের প্রতি ভালোবাসা থেকে তিনি এ কাজ করেছেন। আগামীতে আরও ব্যতিক্রম কিছু দৃশ্যায়ন করার ইচ্ছা তার।